

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫


নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১-০০০

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি, ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচির মাঠ পর্যায়ের কার্যক্রম সরেজমিনে তদারকি সহজীকরণের জন্য উপজেলা পর্যায়ে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের বিপরীতে মটরসাইকেল সরবরাহ করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সমিতি পর্যায়ের কার্যক্রম সরেজমিনে তদারকির বিষয়টি গুরুত্বারোপ না করে ব্যক্তিগত প্রয়োজনে মটরসাইকেল নিয়ে কর্মএলাকার বাহিরে গমন করছেন, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এছাড়া কর্মসূচির কর্মকর্তা কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থানের নির্দেশনা থাকলেও তা ব্যতয় করে অনুমোদন ব্যতীত কর্মস্থল ত্যাগ করার বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে। তাই কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থল ত্যাগ ও মটরসাইকেল সংশ্লিষ্ট উপজেলার কর্মএলাকার বাহিরে ব্যবহার করা যাবে না।

২। কর্মসূচি/প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপ প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।
৭. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, প্রকল্পভূক্ত সকল উপজেলা।